**নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন**
নগর ভবন, ১০ বিবি রোড
**নারায়ণগঞ্জ**
www.ncc.gov.bd

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.১১.১৯০.২৫-৪৯৩

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩২ / ২৪ আগস্ট ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন কর্মচারী চাকরি বিধিমালা ২০২০ অনুসারে নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশনের সাংগঠনিক কাঠামোভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদে ২০১৫ সালের জাতীয় বেতন স্কেল প্রদত্ত বেতন ভাতায় সরাসরি নিয়োগের জন্য পদের পাশে বর্ণিত শিক্ষাগত যোগ্যতা, বয়স ও অভিজ্ঞতা অনুযায়ী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্র.নং | পদের নাম, গ্রেড ও বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১ | সহকারী প্রোগ্রামার<br>৯ম গ্রেড: ২২,০০০-৫৩,০৬০/- | ০১ টি | -- | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সায়েন্স/ কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রোনিক্স ইঞ্জিনিয়ারিং/ ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি সংশ্লিষ্ট বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ০২ | জি.আই.এস এনালিস্ট<br>৯ম গ্রেড: ২২,০০০-৫৩,০৬০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নগর পরিকল্পনা বা ভূগোল বা পরিবেশ বিজ্ঞান বিষয়ে<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি, এবং<br>(খ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে ভৌগোলিক তথ্য ব্যবস্থা (জিআইএস) কোর্সে উত্তীর্ণ: এবং<br>(গ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা। |
| ০৩ | সহকারী প্রকৌশলী (সিভিল)<br>৯ম গ্রেড: ২২,০০০-৫৩,০৬০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পূরকৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর সদস্য হতে হবে। |
| ০৪ | সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>৯ম গ্রেড: ২২,০০০-৫৩,০৬০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে তড়িৎ কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর সদস্য হতে হবে। |
| ০৫ | সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>৯ম গ্রেড: ২২,০০০-৫৩,০৬০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যন্ত্র কৌশল বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এর সদস্য হতে হবে। |
| ০৬ | মেডিকেল অফিসার<br>৯ম গ্রেড: ২২,০০০-৫৩,০৬০/- | ০২ টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর অব মেডিসিন বা ব্যাচেলর অব সার্জারি (এমবিবিএস) বা সমমানের ডিগ্রি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭ | আইন কর্মকর্তা<br>৯ম গ্রেড: ২২,০০০-৫৩,০৬০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে আইনে-<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) বাংলাদেশ বার কাউন্সিলের সনদ থাকতে হবে। |
| ০৮ | সহকারী সচিব<br>৯ম গ্রেড: ২২,০০০-৫৩,০৬০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে<br>(অ) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি: অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) সহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি: অথবা<br>(ই) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি।<br>(খ) মাইক্রোসফট অফিসসহ কম্পিউটার চালনার দক্ষতা। |
| ০৯ | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ)<br>১০ম গ্রেড: ১৬,০০০-৩৮,৬৪০/- | ০২ টি | ১৮-৩২ বছর | কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে তড়িৎ কৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ১০ | কর কর্মকর্তা<br>১০ম গ্রেড: ১৬,০০০-৩৮,৬৪০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে-<br>(অ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ বা জিপিএতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি; অথবা<br>(আ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |
| ১১ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল)<br>১০ম গ্রেড: ১৬,০০০-৩৮,৬৪০/- | ০১ টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে পুর কৌশল বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা। |
| ১২ | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক)<br>১০ম গ্রেড: ১৬,০০০-৩৮,৬৪০/- | ০১ টি | ১৮-৩২ বছর | কোন স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে যন্ত্র কৌশল বিষয়ে ডিপ্লোমা। |
| ১৩ | কম্পিউটার অপারেটর<br>১৩তম গ্রেড: ১১,০০০-২৬,৫৯০/- | ০১ টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ১৪ | আইন সহকারী<br>১৪তম গ্রেড: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি হবে নিম্নরূপ, যথা-<br>(অ) বাংলা-প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি-প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| ১৫ | ওয়ার্ড সচিব<br>১৪তম গ্রেড: ১০,২০০-২৪,৬৮০/- | ২৭ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি হবে নিম্নরূপ, যথা-<br>(অ) বাংলা-প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি-প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | মাওলানা কাম রেজিস্ট্রার<br>১৪তম গ্রেড: ১০,২০০-২৪,৬৮০/- | ০৩ টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত বোর্ড বা বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে ফাজিল ডিগ্রী। |
| ১৭ | ক্যাশিয়ার<br>১৪তম গ্রেড: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্য বিভাগের যে কোনো বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) মাইক্রোসফট অফিসসহ ও কম্পিউটার চালনার দক্ষতা। |
| ১৮ | বাজার পরিদর্শক<br>১৪তম গ্রেড: ১০,২০০-২৪,৬৮০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনার দক্ষতা। |
| ১৯ | লাইসেন্স ইন্সপেক্টর<br>১৫তম গ্রেড: ৯,৭০০-২৩,৪৯০/- | ০২ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২০ | পরিচ্ছন্ন পরিদর্শক<br>১৫তম গ্রেড: ৯,৭০০-২৩,৪৯০/- | ০২ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২১ | সহকারী কর নির্ধারক<br>১৫তম গ্রেড: ৯,৭০০-২৩,৪৯০/- | ০৩ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২২ | সহকারী কর আদায়কারী<br>১৫তম গ্রেড: ৯,৭০০-২৩,৪৯০/- | ১০ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২৩ | সার্ভেয়ার<br>১৬তম গ্রেড: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত ইনস্টিটিউট বা প্রতিষ্ঠান হতে জরিপ বিষয়ে ৪ (চার) বৎসর মেয়াদি ডিপ্লোমা; এবং<br>(খ) মাইক্রোসফট অফিস ও ডাটাবেজসহ কম্পিউটার চালনায় দক্ষতা। |
| ২৪ | রাজস্ব আদায় সহকারী<br>১৬তম গ্রেড: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ টি | ১৮-৩২ বছর | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫ | কমিউনিটি কর্মী<br>১৬তম গ্রেড: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি হবে নিম্নরূপ, যথা-<br>(অ) বাংলা-প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি-প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |
| ২৬ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>১৬তম গ্রেড: ৯,৩০০-২২,৪৯০/- | ০৩টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং, ইত্যাদির সর্বনিম্ন গতি হবে নিম্নরূপ, যথা-<br>(অ) বাংলা-প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি-প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৭ | বাতি পরিদর্শক<br>১৬তম গ্রেড: ৯,৩০০-২২,৪৯০/- | ০২ টি | ১৮-৩২ বছর | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হইতে অটো-ইলেকট্রিক্যাল কোর্সে উত্তীর্ণ। |
| ২৮ | মশক নিধন সুপারভাইজার<br>১৬তম গ্রেড: ৯,৩০০-২২,৪৯০/- | ০৩ টি | ১৮-৩২ বছর | কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৯ | মেকানিক<br>১৬তম গ্রেড: ৯,৩০০-২২,৪৯০/- | ০১ টি | ১৮-৩২ বছর | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কোনো স্বীকৃত ইন্সটিটিউট বা প্রতিষ্ঠান হতে অটো-মেকানিক বা যান্ত্রিক ট্রেড কোর্সে উত্তীর্ণ। |
| মোট- | | ৮০ টি | - | - |

**২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

(১) ১৫ আশ্বিন ১৪৩২/ ৩০ সেপ্টেম্বর ২০২৫ তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩২ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোনক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৪) লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

(৫) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/ স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(৬) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপিসহ সকল সনদপত্রের সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে।

(৭) চাকরির আবেদন ফরমে উল্লিখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ প্রশাসক; পৌরসভার প্রশাসক; সিটি কর্পোরেশনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত (নিজ জেলা উল্লেখ করতঃ) নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র বা জন্মনিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(৮) কোটা দাবির সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৯) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ পরিপত্র মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।

(১০) সকল সত্যয়ন/ প্রত্যয়ন নবম গ্রেড বা তদূর্ধ্ব গেজেটেড কর্মকর্তা (প্রাক্তন প্রথম শ্রেণি) কর্তৃক সম্পাদিত হতে হবে।

(১১) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।

(১২) বিজ্ঞপ্তি অনুযায়ী উল্লিখিত পদের জন্য লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(১৩) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রমাণিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যেকোনো প্রার্থীর নিয়োগ বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ লাভের পর ভুল তথ্য/ জাল কাগজপত্রে চাকরি লাভের ঘটনা উদঘাটিত হলে চাকরিচ্যুতি/ বরখাস্তকরাসহ বিভাগীয় ব্যবস্থা গ্রহণ, বেতন ভাতা ফেরত গ্রহণ এবং ক্ষেত্র বিশেষে তার বিরুদ্ধে ফৌজদারি মামলা দায়ের করা হবে।

(১৪) ১ ও ১৩ নং পদের ক্ষেত্রে সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা ২০১৯ প্রযোজ্য হবে।

(১৫) কর্তৃপক্ষ বিজ্ঞপ্তি বাতিল/ সংশোধন করার অধিকার সংরক্ষণ করেন।

(১৬) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://ncc.teletalk.com.bd/ ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনপত্রের বিস্তারিত নিয়মাবলী http://ncc.teletalk.com.bd/ এবং www.ncc.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(ক) Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৭/০৯/২০২৫ খ্রি. সকাল ১০ টা।

(খ) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৩০/০৯/২০২৫ খ্রি. বিকাল ৫.০০টা।

(গ) উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(১৭) আবেদনকারীকে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ০১ নং পদ হতে ১২ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ২৩/- টাকাসহ মোট ২২৩/- (দুইশত তেইশ) টাকা; এবং ১৩ নং পদ হতে ২৯ নং পদের জন্য ১০০ (একশত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ (ভ্যাটসহ অফেরতযোগ্য) ১২/- টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা Teletalk Pre-paid Mobile ব্যবহার করে প্রদান করতে হবে।

(১৮) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে 121 নম্বরে অথবা vas.query@teletalk.com.bd মেইলে যোগাযোগ করা যাবে।

(১৯) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(২০) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

২৪/০৮/২০২৫

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন
☏ ২২৪৪৩৮৫৯৬
✉ secretary@ncc.gov.bd

স্মারক নং- ৪৬.১৬.০০০০.০০৪.১১.১৯০.২৫-৪৯৩/১(২০)

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩২
২৪ আগস্ট ২০২৫

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডিং ৩/এ, ৫/এ, ৭/এ, রোড ১৭, গুলশান, ঢাকা-১২১২।

২। নগর পরিকল্পনাবিদ, এনসিসি [এই বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী এনসিসি'র ওয়েবসাইট ও ফেসবুকে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।

৩। সহকারী সচিব, প্রশাসন শাখা, এনসিসি (এই বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত স্থানীয়-১টি ও জাতীয়-২টি (বাংলা ও ইংরেজি) মোট ৩টি পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণ এবং নগর ভবনের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থার গ্রহণের জন্য]।

৪। সম্পাদক, দৈনিক ইত্তেফাক, উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ২৭/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম (১০ ফন্ট) পরিসরে ছাপানোসহ ৩ (তিন) প্রস্থ পত্রিকার কপি এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৫। সম্পাদক, The Daily Star, উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ২৭/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম (১০ ফন্ট) পরিসরে ছাপানোসহ ৩ (তিন) প্রস্থ পত্রিকার কপি এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৬। সম্পাদক, দৈনিক যুগের চিন্তা, উপর্যুক্ত বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকার ভিতরের পাতায় আগামী ২৭/০৮/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে ন্যূনতম (১০ ফন্ট) পরিসরে ছাপানোসহ ৩ (তিন) প্রস্থ পত্রিকার কপি এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৭।জনাব ------------------------------------------, অতিরিক্ত ম্যানেজার (VAS), ডিপার্টমেন্ট: মার্কেটিং এন্ড VAS, টেলিটক বাংলাদেশ লিমিটেড [এ বিজ্ঞপ্তিটি এবং অনলাইনে আবেদন করার বিস্তারিত নিয়মাবলী ওয়েবসাইটে (http://ncc.teletalk.com.bd/) প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

৮। প্রশাসক মহোদয়ের একান্ত সচিব (অঃদাঃ), নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। পিএ টু সিইও, নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)।

১০। অফিস কপি।

২৪/০৮/২০২৫

(মোঃ নূর কুতুবুল আলম)
সচিব (উপসচিব)
নারায়ণগঞ্জ সিটি কর্পোরেশন।